দৈনিক সংবাদ

14

তারিখ ... FEB. 28 2000

পৃষ্ঠা 77 কলাম 6

### সচিবালয়ে কক্ষ পুনর্বন্টন

# ১৯ তলা থেকে শিক্ষা মন্ত্রণালয় নামবে ২য় তলায় ঃ বিদ্যুৎ ও জ্বালানি যাবে ১৯ তলায়

**কুদরাত-ই-খোদা ঃ** মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং সচিবদের কক্ষ পুনর্বন্টনসহ সচিবালয়ে ৬নং ভবনে অবস্থিত কয়েকটি মন্ত্রণালয় স্থানান্তর করা হচ্ছে। সূত্র মতে, সচিবালয়ের ১৯ তলায় অবস্থিত শিক্ষা মন্ত্রণালয় একই ভবনের দ্বিতীয় তলায় চলে আসবে। দ্বিতীয় তলায় অবস্থিত বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয় একই ভবনের ১৯ তলায় স্থানান্তর হবে।

মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা যায়, মন্ত্রণালয় স্থানান্তরের কারণে আগামী ৫ই মার্চ গৃহায়ণ ও পূর্ত মন্ত্রণালয়ে এ বিষয়ে পূর্ত সচিবের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান করা হয়েছে। এতে জ্বালানি সচিব ডঃ তৌফিক-ই-এলাহী চৌধুরী বিবি বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব অরবিন্দু কর, শিক্ষা সচিব কাজী রকিবউদ্দিন, সমাজকল্যাণ সচিব ডঃ ক্ষণদা মোহন দাস এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ডাঃ তাহমিনা হোসেন যোগ দেবেন। সূত্র মতে, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ৬নং ভবন (২০ তলা) অবস্থিত শিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ডিজি অফিস, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়, পাট মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বিদ্যুৎ বিভাগ পুনর্বিন্যাসের প্রস্তাব দিয়েছে।

এ সংক্রান্ত একটি আধাসরকারি পত্রে বলা হয়েছে, ৬নং ভবনের ১৮ এবং ১৯ তলায় শিক্ষা মন্ত্রণালয়ের দপ্তরসমূহ অবস্থিত। এখানে শিক্ষামন্ত্রী, প্রতিমন্ত্রী, সচিবসহ উর্ধ্বতন কর্মকর্তাদের অফিসসমূহ অবস্থিত। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকাণ্ড ব্যাপক এবং মন্ত্রণালয়ের দপ্তর সংখ্যাও বেশি। প্রতিদিনই প্রচুর সংখ্যক কর্মকর্তা, কর্মচারী, দর্শনার্থীসহ দাতা সংস্থার প্রতিনিধিরা সরকারি কাজে আসে। এতে লিফটে প্রচণ্ড ভিড় হয়, উঠানামায় প্রচুর সময় ব্যয় হয়।

তাছাড়া বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং সচিবদের দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়। যা মোটেও শোভনীয় নয়। তাই শিক্ষা মন্ত্রণালয় স্থানান্তর জরুরি হয়ে পড়েছে।

ইডেন ভবন গণপূর্ত বিভাগের প্রস্তাব অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় ১৯ তলা পূর্ব থেকে ২য় তলা পূর্ব যেখানে এখন বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয় রয়েছে, শিক্ষা মন্ত্রণালয় ১৮ তলা পূর্ব ৩য় তলায়, বিদ্যুৎ বিভাগ ২য় তলা থেকে ১৯ তলায়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ২য় ও ৩য় তলা থেকে ১৮ তলায় যেখানে এখন শিক্ষা মন্ত্রণালয় অবস্থিত। মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় ৩য় তলা থেকে ১৯ তলার ৪টি কক্ষে, সমাজ কল্যাণ মন্ত্রণালয় ৩য় তলা থেকে ১৮ তলায়। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ডিজি অফিস ১৭ তলা থেকে ৪র্থ তলায়, পাট মন্ত্রণালয় ১৭ তলা থেকে ৪র্থ তলার ৪টি কক্ষ।

এদিকে খনিজ ও জ্বালানি মন্ত্রণালয়ের এক উর্ধ্বতন কর্মকর্তা এ বিষয়ে নাম ও পদবি না প্রকাশ করার শর্তে বলেছেন, বিদ্যুৎ ও জ্বালানি খাতেই ব্যাপক বিদেশী বিনিয়োগ হয় ফলে প্রতিনিয়তই দাতা সংস্থার লোকজন ২য় তলায় অবস্থিত বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়ে আসে, পূর্ত বিভাগের প্রস্তাবনার পরিপ্রেক্ষিতে ১৯ তলায় স্থানান্তর হলে সমস্যা বাড়বে বেশি।

উল্লেখ্য প্রসঙ্গত, গত বছরের শেষ দিকে সরকার ১০ জন মন্ত্রী ও প্রতিমন্ত্রী নিয়োগ করেন। পূর্ত মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গতকাল পর্যন্ত কয়েকজন মন্ত্রী সরকারি বাসাবাড়ি বরাদ্দ পাননি। আগামী ৫ই মার্চের আন্তঃমন্ত্রণালয় বৈঠকে এ বিষয়টিও আলোচনা হবে।